দৈনিক বাংলা

তারিখ .. 07 FEB 1993
পৃষ্ঠা ... ৭ ... কলাম ২ ...

গণমুখী শিক্ষা

# প্রাথমিক শিক্ষক সমিতির ৯-দফা সুপারিশ

স্টাফ রিপোর্টার ঃ প্রাথমিক শিক্ষাকে গণমুখী ও বাধ্যতামূলক করার লক্ষ্যে বাংলাদেশে সরকারী প্রাথমিক শিক্ষক সমিতি ৯-দফা সুপারিশ পেশ করেছে। শনিবার রাজধানীর একটি রেস্তোরাঁয় এক সাংবাদিক সম্মেলনে সমিতির সভাপতি মোহাম্মদ সুরুজ্জামান এই সুপারিশ পেশ করেন। সাংবাদিক সম্মেলনে সমিতির মহা সম্পাদক মুহাম্মদ আবদুল আউয়াল তালুকদার উপস্থিত ছিলেন।

সমিতির সুপারিশের মধ্যে রয়েছে জীর্ণ ও অপরিচ্ছন্ন বিদ্যালয়গুলোতে শিক্ষার উপযোগী পরিবেশ নিশ্চিত করে শিক্ষার হার বৃদ্ধি, শিক্ষকের অভাব পূরণ, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষকদের কাজের এবং শিক্ষার্থীদের অর্জিত জ্ঞানের শ্রেণীভিত্তিক মূল্যায়ন। এছাড়া শিক্ষকতা পেশায় মেধাবী ও উচ্চ শিক্ষিতদের আকৃষ্ট করতে এবং যারা কর্মরত আছেন তাদের কর্মক্ষেত্রে ধরে রাখতে বর্তমান নিয়োগবিধি পরিবর্তনেরও সুপারিশ করা হয়েছে।

প্রসঙ্গত দেশের ৩৭ হাজার ৭শ৩২টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে অনেকগুলোই এখনো জরাজীর্ণ অবস্থায় রয়েছে।

সুপারিশমালায় আরো রয়েছে প্রধান শিক্ষক পদে নতুন নিয়োগের পরিবর্তে কর্মরত অভিজ্ঞতাসম্পন্ন উচ্চ শিক্ষিতদের দ্বারা প্রধান শিক্ষকের পদ পূরণ, কর্মরত উচ্চ শিক্ষিতদের বিভাগীয় উচ্চপদে নিয়োগের সুযোগদান এবং বিভাগীয় প্রার্থীদের বয়সসীমা শিথিলকরণ, প্রাথমিক বিদ্যালয়ের জন্য আনুষঙ্গিক বার্ষিক খরচ বাড়ানো, শিশুদের বিদ্যালয়ে আনার দায়িত্ব শিক্ষকদের উপর অর্পণ প্রভৃতি।